


প্রশিক্ষণ প্রতিবেদন

দর্জি বিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ বিষয়ক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বাড়ী ৮৮/এ, রোড-০৭, ধানমন্ডি, ঢাকা-১২০৯

টেলিফোন নম্বর: ৮৮০-২-৫৮১৫২৪২৪ ইমেইল: ricdirector@yahoo.com

ওয়েবসাইট: www.ric-bd.org

পটভূমি:

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)। জাতীয় পর্যায়ের একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। ১৯৮১ সাল থেকে সংস্থাটি বাংলাদেশ সরকারের পাশাপাশি দেশের উন্নয়ন সহযোগী হিসেবে উন্নয়নের বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। অন্যান্য সকল ক্ষেত্রের পাশাপাশি রিক নারীর ক্ষমতায়নে বিশেষ গুরুত্বের সাথে কাজ করছে। সম্প্রতি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) সংস্থার কর্মএলাকায় কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে গণশুনানীর আয়োজন করে। রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এর মাননীয় উপ-পরিচালক জনাব আবু রিয়াদ খান এর সভাপতিত্বে ও মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ)- এর উপ-পরিচালক মুহাম্মদ মিজানুর রহমানের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন নির্বাহী পরিচালক, এমআরএ, জনাব মো: হুমায়ুন কবির। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন এমআরএ পরিচালক জনাব সূতপা চৌধুরী। এছাড়া আরও উপস্থিত ছিলেন এমআরএ - এর সিনিয়র সহকারী পরিচালক সুচিতা নাসরিন জান্নাত, সহকারী পরিচালক এনএম তানভীর ইমন সহ রিকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

উক্ত গণশুনানীতে আমাদের ঋণ কর্মসূচীর অংশীজনরা তাদের বর্তমান সেবার পাশাপাশি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণের আশ্রয় প্রকাশ করেন। সংস্থার সিদ্ধান্ত অনুযায়ী মানবসম্পদ উন্নয়ন বিভাগ থেকে আশ্রয়ীদের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ করা হয়। মুন্সিগঞ্জের হলদিয়া ইউনিয়নের কতিপয় নারী সমিতির অংশীজন এর চাহিদা অনুযায়ী "দর্জিবিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ" বিষয়ক একটি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স এর আয়োজন করা হয়। এলাকার চাহিদা বিবেচনায় কোর্স এর বিষয়বস্তু নির্বাচন করা হয়। এরপর পরিপূর্ণ একটি মডিউল তৈরী করে স্থানীয়ভাবে প্রশিক্ষক নিযুক্ত করে ০৬ দিনব্যাপী প্রশিক্ষণটি বাস্তবায়নের দায়িত্ব পালন করে মানবসম্পদ উন্নয়ন বিভাগ।


উক্ত প্রশিক্ষণ কোর্সটির মাধ্যমে প্রশিক্ষণার্থীরা তাদের দক্ষতার উন্নয়ন ঘটিয়ে নিজেকে আত্মনির্ভরশীল করে তুলতে পারবেন বলে আমরা বিশ্বাস করি।



গণশুনানী




প্রশিক্ষণ চাহিদা নিরূপন



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

দর্জিবিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ বিষয়ক প্রশিক্ষণ
অংশগ্রহণকারী : রিক মুন্সিগঞ্জ কর্ম এলাকার নারী উদ্যোক্তাগণ
প্রশিক্ষণের মেয়াদ : ১৫-২০ মে, ২০২৩ (৬ দিন)
ভেন্যু : রিক হলদিয়া শাখা অফিস, মুন্সিগঞ্জ




প্রশিক্ষণের ফোকাস:

দারিদ্র্যপীড়িত, অধিকার বঞ্চিত নারীদের দর্জি বিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মধ্য দিয়ে তাদের আত্মনির্ভরশীল করে একজন সফল উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা।

প্রশিক্ষণের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:

- সেলাই মেশিনের বিভিন্ন যন্ত্রাংশের নাম জানবেন ও তা চিহ্নিত করতে পারবেন;
- সঠিক ভাবে সেলাই মেশিন রক্ষণাবেক্ষণ করতে সক্ষম হবেন;
- সেলাই মেশিন সঠিকভাবে চালাতে সক্ষম হবেন;
- বিভিন্ন পোশাকের সঠিক মাপ নির্ণয় করে ক্রেতার চাহিদা অনুযায়ী পোশাক কাটতে ও সেলাই করতে পারবেন;
- ক্রেতার চাহিদা অনুযায়ী গুণগত মান সম্পন্ন পোশাক প্রস্তুত এবং তা সরবরাহ করে তাদের আয় বৃদ্ধি করতে সক্ষম হবেন।
- পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যচর্চা (Occupational Safety & Health) এবং ব্যক্তিগত আত্মরক্ষার সরঞ্জাম (Personal Protective Equipments) সম্পর্কে প্রাথমিক ধারণা পাবেন ও তা ব্যবহার করতে পারবেন;

প্রশিক্ষণের প্রত্যাশা: প্রশিক্ষণ থেকে অংশগ্রহণকারীগণ যা জানতে চান-



প্রশিক্ষণার্থীর ধরণ: সংস্থার ঋণ কর্মসূচীর অন্তর্ভুক্ত সমিতির নারী সদস্যগণ এবং সংশ্লিষ্ট কমিউনিটির দরিদ্র নারীগণ।

প্রশিক্ষণার্থী সংখ্যা: ২০ জন

প্রশিক্ষণ নীতিমালা-

প্রশিক্ষণ পরিবেশ বজায় রাখার জন্য প্রশিক্ষণার্থীদের সাথে অংশগ্রহণমূলক প্রক্রিয়ায় কিছু নিয়ম নীতি নির্দিষ্ট করা হয়-

- আমরা সবাই সময় মেনে চলবো
- প্রশিক্ষণ কক্ষ, টয়লেট এবং অফিস এর পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখবো
- না বুঝলে প্রশ্ন করবো
- প্রয়োজনে অনুমতি নিয়ে বাইরে যাব
- একে অন্যের সহযোগী হবো
- প্রশিক্ষণ উপকরণ এবং যন্ত্রপাতি ব্যবহারে যত্নবান হবো
- মোবাইল ফোন শব্দহীন রাখবো

ভেন্যু এবং তারিখ:

রিক হলদিয়া শাখা অফিসে ১৫-২০ মে ০৬ দিন ব্যাপী প্রশিক্ষণটি পরিচালিত হয়।

প্রশিক্ষক/সহায়তরী পরিচিতি:

নাম	পদবী
রেহানা আক্তার রনু	প্রশিক্ষক
শারমিন আক্তার	সহকারী প্রশিক্ষক

প্রশিক্ষণ সূচী

সময়কাল: ৬ দিন

সেশন সময়: সকাল ০৯টা - বিকেল ০৪টা (০৭ ঘন্টা)

ক্রম	বিবরণ	কর্মদিবস
১	<ul style="list-style-type: none"> প্রশিক্ষণ কোর্স উদ্বোধন, পরিচয় পর্ব, প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্য, প্রশিক্ষণের নিয়ম নীতি নারীদের আত্মনির্ভরশীল হয়ে ওঠার ক্ষেত্রে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের গুরুত্ব পোশাক তৈরির গুরুত্ব, প্রাথমিক উপকরণ পরিচিতি এবং ইঞ্চি ফিতার পরিমাপ দেহের পরিমাপ ও কাপড় পরিমাপ নির্ধারণ এবং পোশাক তৈরির ধাপ ম্যাক্সি তৈরী (কাটিং) 	১
২	<ul style="list-style-type: none"> বিগত দিনের আলোচনার রিভিউ সেলাই মেশিন পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ, সেলাই মেশিন চালনা এবং ঘাট সেলাই, বোতাম ঘর সেলাই ম্যাক্সি সেলাই কামিজ কাটিং ও সেলাই 	২
৩	<ul style="list-style-type: none"> বিগত দিনের আলোচনার রিভিউ সেলাই মেশিন ও মেশিন সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও সেলাই মেশিনের সম্ভাব্য দোষত্রুটি সনাক্তকরণ কামিজ কাটিং ও সেলাই 	৩
৪	<ul style="list-style-type: none"> বিগত দিনের আলোচনার রিভিউ ব্লাউজ কাটিং ও সেলাই 	৪
৫	<ul style="list-style-type: none"> বিগত দিনের আলোচনার রিভিউ শিশুদের স্কুল ড্রেস কাটিং ও সেলাই 	৫
৬	<ul style="list-style-type: none"> বিগত দিনের আলোচনার রিভিউ সালোয়ার কাটিং ও সেলাই পণ্যের খরচ ও মূল্য নির্ধারণ সমাপনী পর্ব 	৬

যে সব পদ্ধতি ব্যবহার করা হয়-

- বক্তৃতা, বক্তৃতা আলোচনা, প্রদর্শন, প্রশ্নোত্তর, হাতে কলমে অনুশীলন (একক এবং দলীয়)

উপকরণ ও যন্ত্রপাতি ব্যবহার :

প্রশিক্ষণটি সঠিক উপস্থাপন ও অংশগ্রহণকারীদের সহজে বুঝার জন্য বিভিন্ন সহায়ক (এইড) ও উপকরণ ব্যবহার করা হয়। নিম্নে উপকরণ সমূহের নাম উল্লেখ করা হল-

<ul style="list-style-type: none"> হোয়াইট বোর্ড মার্কার খাতা কলম ফোল্ডার নেইম কার্ড 	<ul style="list-style-type: none"> মাসকিন টেপ ভিপি কার্ড ব্রাউন পেপার ফ্লিপচার্ট সেলাই মেশিন, কাঁচি, মেজারিং টেপ, সেপকাট, চক, সূঁচ, সুতা, কাপড়
--	--

যে প্রক্রিয়ায় অংশগ্রহণকারীদেরকে কাজ শেখানো হয়েছে:

সহায়ক প্রতিটি আইটেম এর তাত্ত্বিক আলোচনা করে বোর্ডে ছবি এঁকে বুঝিয়েছেন। এরপর ব্রাউন পেপারে মাপ অনুযায়ী কাগজ কেটে বুঝিয়ে দিয়ে ২ জন করে গ্রুপ তৈরী করে প্রশিক্ষণার্থীদেরকে কাগজ কাটতে দিয়ে প্রয়োজনীয় সহযোগিতা করেছেন। এরপর একই আইটেম কাপড় কেটে দেখিয়েছেন এবং একইভাবে প্রশিক্ষণার্থীদেরকে কাপড় কাটতে দিয়ে হাতে কলমে শিখিয়েছেন। পাশাপাশি কাপড়ের মাপ, সেলাই মেশিন সম্পর্কে প্রয়োজনীয় বিষয়গুলি শিখিয়েছেন। কাগজ এবং কাপড় কাটার সক্ষমতার পর মেশিনে কিভাবে সেলাই করতে হয় সেটি প্রত্যেক প্রশিক্ষণার্থীকে হাতে কলমে শেখানো হয়েছে।



প্রশিক্ষক হাতে কলমে কাজ বুঝিয়ে দিচ্ছেন

অংশগ্রহণকারীদের মতামত :

অংশগ্রহণকারীগণ বলেন এই প্রশিক্ষণটি আমাদের জন্য অত্যন্ত প্রয়োজন ছিল। বহুদিন ধরে এই সেলাই প্রশিক্ষণটিতে অংশগ্রহণ করার ইচ্ছা ছিল। রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার(রিক) আমাদের সেই ইচ্ছা পূরণ করেছে। তারা বলেন -

- এই প্রশিক্ষণ থেকে আমরা মেশিন চালানো, মেশিনের যত্ন নেয়া, কাঁচি কি করে ধরতে হয়, কিভাবে মাপ অনুযায়ী কাপড় কাটতে হয় শিখেছি।
- স্যালোয়ার, কামিজ, পেটিকোট, ব্লাউজ, ম্যানিক্রি এবং বাচ্চাদের ফ্রক তৈরী করতে শিখেছি যা আমাদের নিজেদের পোশাক তৈরীর ক্ষেত্রে সহায়ক হবে এবং আমরা অর্ডারী কাজ করেও আয় করতে পারবো।
- আমাদের গ্রামে এই আইটেমগুলোর চাহিদা বেশি থাকায় এইগুলো শেখার যে প্রত্যাশা নিয়ে প্রশিক্ষণে অংশ নিয়েছিলাম সেটা পরিপূর্ণভাবে পেয়েছি।
- অর্ডারী কাজ পাওয়ার জন্য কি কি কৌশল নিতে হবে সেগুলো জানতে পেরেছি
- কাজের মজুরী কিভাবে ধরতে হয় সেটি জানতে পেরেছি
- স্বাবলম্বী হওয়ার জন্য আয়মূলক কাজের জন্য নারীদের জন্য কেন জরুরী সে বিষয়ে নতুন করে জানতে পেরেছি।



প্রশিক্ষণার্থীদের মধ্যে কেউ কেউ কিছুটা কাজ জানতেন আবার কেউ কেউ একেবারেই নতুনভাবে শিখতে এসেছিলেন। প্রশিক্ষণ শেষে তারা নিজেদের মধ্যে আলোচনা করে সিদ্ধান্ত নেন যে, অভিজ্ঞ ০৩ জন প্রশিক্ষণার্থী তিনটি দলে নিজেদের মধ্যে মাসে অন্তত: ২ বার মিলিত হয়ে টেইলরিং এর কাজ হাতে কলমে করতে গিয়ে যেসব অসুবিধার সম্মুখীন হচ্ছেন তার সমাধান দিবেন। প্রশিক্ষণ সমন্বয়কারী এত চমৎকার পরিকল্পনার জন্য সকলকে ধন্যবাদ জানান। প্রশিক্ষণ মূলত একটি চলমান প্রক্রিয়া। ০৬ দিনের মধ্যে তারা যে জ্ঞান অর্জন করেছেন সেটি চর্চার মাধ্যমে নিজেকে এ বিষয়ে আরও দক্ষ করে তুলতে পারবেন। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ মনে করেন, শিখনগুলি তাদের ব্যক্তিগত জীবনে ও পেশাগত উন্নয়নে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

প্রশিক্ষণ সমন্বয়কারীর মতামত: দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের জন্য ৬ দিন সময়কাল যদিও খুব স্বল্প সময় তারপরও অংশগ্রহণকারীগণ নিজেরা চর্চার মাধ্যমে আরো দক্ষতা অর্জন করবেন বলে আশা করা যায়। প্রশিক্ষণার্থীদের মধ্যে অনেকে আছেন যারা আগে থেকেই পোশাক তৈরীর কিছু কাজ জানতেন আবার কিছু প্রশিক্ষণার্থী আছেন যারা একেবারে নতুন। যারা কিছু জানতেন তাদের সহযোগীতায় নতুনদের শিখন আরো সহজ হয়েছে। এছাড়া ও অংশগ্রহণকারীদের আন্তরিকতা ও স্বতঃ স্ফূর্ততা ছিলো বিধায় প্রশিক্ষণ চলাকালীন সময়টি আমরা অত্যন্ত আনন্দের সাথে উপভোগ করেছি এবং পোশাক তৈরীর বিষয়গুলো অনুশীলনের মাধ্যমে ধারাবাহিকভাবে বুঝানো সম্ভব হয়েছে।



ফলাফল:

- ২০ জন নারী বিভিন্ন পোষাক তৈরীর দক্ষতা অর্জন করেছেন
- উক্ত দক্ষতা তাদের পরিবারের পোশাক তৈরীর পাশাপাশি প্রতিবেশীদের পোশাক তৈরী করে আয়ের সুযোগ সৃষ্টি করবে
- প্রশিক্ষিত নারীরা প্রয়োজনীয় সহায়তা পেলে তারা তৈরী পোষাক বাজারজাত করতে পারবেন

পরিশেষে বলা যায় যে, দর্জিবিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ বিষয়টির সাথে আগে থেকেই নারীরা কমবেশী যুক্ত ছিলেন। অর্থনৈতিক পরিবর্তন, পোশাকের রুচির রূপান্তর বিবেচনা করে দক্ষতার উন্নয়ন ও পুনর্বিন্যাসের জন্য প্রশিক্ষণটি জরুরী ছিল। এই প্রশিক্ষণ বাস্তবায়নের মধ্য দিয়ে একদিকে দক্ষতার জরুরী প্রয়োজনকে পূরণ করেছে, অন্যদিকে এই দক্ষতার উপর ভিত্তি করে উদ্যোক্তা বিকাশের সম্ভাবনা তৈরী করেছে।

প্রতিবেদন প্রস্তুতকারী :

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সংযুক্তি:

হ্যান্ডআউট

প্রশিক্ষার্থীদের তালিকা

ক্লাসরুমে প্রশিক্ষণার্থীগণ



প্রশিক্ষার্থীদের তৈরীকৃত কিছু পন্য



দর্জিবিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ প্রশিক্ষণ হ্যান্ডআউট



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বাড়ী ৮৮/এ, রোড-০৭, ধানমন্ডি, ঢাকা-১২০৯

দর্জি বিজ্ঞান সম্পর্কিত ধারণা ও পোশাক তৈরির গুরুত্ব

দর্জি বিজ্ঞানের প্রধান কাজই হল সেলাই শিক্ষা। বস্তুত সাধারণ শিক্ষা গ্রহণের সাথে সাথে কিছু উদপাদনশীল কাজে ও শিক্ষার্থীরা অংশগ্রহণকারতে পারে। বৃত্তিমূলক কর্মমুখী বিষয় হিসাবে দর্জি বিজ্ঞান বিষয়টি উৎপাদনশীল কাজে অংশগ্রহণের সুযোগদানসহ তাদেও অর্থ উপার্জনের মাধ্যমে জীবিকা অর্জনের পথকে ও প্রশস্ত করে।

মানুষ মাত্রই পোশাকের প্রয়োজন। আর চাহিদা পূরণের জন্য প্রয়োজন পোশাক তৈরির দক্ষতা। সেলাই কাজের দক্ষতা শুধু নিজের, পরিবারের পরিধেয় সেলাই করার জন্য প্রয়োজন তা নয়, এটি একটি অর্থবিদ্যা হিসাবে কাজে লাগে। দেশে ক্রমবর্ধমান বেকারত্ব, দারিদ্রতা ইত্যাদি সমস্যা সমাধানের জন্য এ ধরনের কর্মমুখী ও বৃত্তিমূলক শিক্ষার প্রয়োজন আছে। দর্জি বিজ্ঞান ও পোশাক তৈরির বিষয়ে দক্ষতা অর্জনের ফলে জীবিকা অর্জনের পথ উন্মুক্ত হওয়ার পাশাপাশি একজন দক্ষ কর্মী ও তত্ত্বাবধায়ক হিসাবে নিজেকে তৈরি করা যায়।

সেলাইয়ের প্রয়োজনীয় সাজ- সরঞ্জাম (যন্ত্রপাতি / উপকরণসমূহ)

সেলাইয়ের জন্য ব্যবহৃত বিভিন্ন সরঞ্জামের মধ্যে সবচেয়ে প্রধান হলো সেলাই মেশিন। সেলাই মেশিন ছাড়াও সেলাই কাজে আনুষঙ্গিক আরও নানারকম সরঞ্জামের দরকার হয়। ব্যবহার অনুযায়ী এগুলো হল নিম্নরূপ:

মাপ নেয়ার সরঞ্জাম:

- মেজারিং টেপ বা মাপের ফিতা
- স্কেল, টি-স্কোয়ার, সেপকার্ট-কাঠ
- ফ্রেঞ্চ কার্ভ, গজ কাঠি ইত্যাদি

কাটার সরঞ্জাম:

- মাঝারি ধরনের ১৭.৭৮ সেন্টিমিটার - ২০.৩০ সেন্টিমিটার দৈর্ঘ্য বিশিষ্ট ধারালো কাঁচি
- সুতা কাটার জন্য ১০-১৬ সেন্টিমিটার - ১৫.২৪ সেন্টিমিটার দৈর্ঘ্য বিশিষ্ট ধারালো ছোট কাঁচি
- পোশাকে প্রান্ত কাটার জন্য পিংকিং শীয়ার, থ্রেড কাটার,

কাপড়ে দাগ দেওয়ার সরঞ্জাম:

- পেন্সিল, টেইলরিং চক, ট্রেসিং ছইল
- কার্বন পেপার, বিভিন্ন ধরনের সুতার গুটি
- দাগ মোছার জন্য রবার

হাতে সেলাই করার সরঞ্জাম:

একটি পোশাক মেশিনে সেলাই করার পরও পোশাটি পরিপাটি ভাবে শেষ করতে কিছু অংশ হাতে সেলাই করার প্রয়োজন হয়।

হাতে সেলাই করতে যে সকল সরঞ্জাম প্রয়োজন:

- সুঁচ, নিডল থ্রিপার, নিডেল সিলেক্টর ডায়াল
- ছক, সুতা ভরার যন্ত্র, নানা রংয়ের সুতা

গজ ইঞ্চি, মিটার ও ফিতার মাপ যেমন:

১ গজ = ১৬ গিরা

১ গিরা = ২ ইঞ্চি বা সুতা

১ ইঞ্চি = ৪ সুতা

৮ গিরা = ১৮ ইঞ্চি বা ১ হাত

১৬ গিরা = ১ গজ বা ৩৬ ইঞ্চি


সেলাই মেশিন সম্পর্কে সাধারণ ধারণাসমূহ

- সুচ কিভাবে লাগাতে হয়
- সুচে কি করে সুতো পরাতে হয়
- ববিনে কি করে সুতো জড়াতে হয়
- ববিনের খাপ এবং ববিন কিভাবে বার করতে হয়
- ববিনের খাপের মধ্য দিয়ে কি করে সুতো পরাতে হয়
- ববিনসুদ্ধ খাপটি আবার কি করে বসিয়ে দিতে হয়
- সেলাই আরম্ভ কিভাবে করতে হয়
- সেলাইয়ের টান কিভাবে কম/বেশি করা যায়
- কাপড়টি কি করে বার করে নিতে হয়
- কি করে মেশিন ঘোরাতে হয়
- হাত ও পা মেশিনে কিভাবে চালাতে হয়

কাপড় সেলাই করতে কি কি লাগে

- সেলাই মেশিন, সুচ, ১৬ নং মেশিনের তেল, কাপড়, বোতাম
- ছক, ইলাস্টিক, বকরম, মেজারিং টেপ, নিডল গ্রিপার
- বিভিন্ন ধরনের সুতার গুটি, থ্রেড কাটার, থ্রেড ক্লিপার
- বোতাম, কাঁচি, ইস্ত্রি, স্কেল, টেইলর চক, স্কেল, দর্জি স্কেল, পেন্সিল

সুইং মেশিন পরিচিতি



যে মেশিন দিয়ে কাপড় সেলাই করে পোশাক তৈরি করা হয় সেই মেশিনকে সুইং মেশিন বা সেলাই মেশিন বলে। সুইং মেশিন বা সেলাই মেশিন দিয়ে কাপড় ছাড়াও চামড়া, বস্তা, ব্যাগ, তাঁবু ইত্যাদি সেলাই করা হয়। সুইং মেশিন প্রধানত দুই প্রকার-

ক. ম্যানুয়ালি অপারেটেড সুইং মেশিন

খ. ইলেকট্রিক্যালি অপারেটেড সুইং মেশিন

সেলাই মেশিনের যন্ত্রাংশ

হ্যান্ড টুলস

<ul style="list-style-type: none">• প্রেসার বার রেগুলেটিং থাম্ব স্ক্রু• ফেস প্লেট• থ্রেডটেকআপ লিভার• থ্রেড টেকআপ স্প্রিং• টেনশন নাট / টেনশন পোস্ট এ্যাসেম্বলি• ফেসকভার থ্রেডকভার গাইড• প্রেসার ফুট• স্লাইড• নিডেল প্লেট	<ul style="list-style-type: none">• থ্রেড স্ট্যান্ড• ববিন উন্ডার টেনশন ভাইস• ববিন উইন্ডার ব্যালেন্স হুইল• নিডেল বার• নিডেল ক্যাপ স্ক্রু• নিডেল• ববিন কেস• ববিন• বিগ হুইল• বেড	<ul style="list-style-type: none">• ড্রপ ফিট• হ্যান্ডেল• নিডেল ক্ল্যাম• প্রেসার ফুট বার• প্রেসার ফুট লিফটার• প্যাডেল• স্পুল পিন• স্যাটেল মেকানিজম• স্টপ মেশিন স্ক্রু• থ্রেড গাইড
---	--	---

কিছু হ্যান্ড টুলস এর বিবরণ:

স্পুল পিন

মেশিনের নিডেল থ্রেডকে ওপরে ধরে রাখার জন্য যে পিন থাকে তাকে স্পুল পিন বলে।

ফিট বার

এটি মেশিন হেডের নিচে নিডেল বারের পাশে থাকে। ফুট বারের সঙ্গে প্রয়োজনমতো যেকোনো গাইড লাগিয়ে সেলাই করা যায়।

ববিন উইন্ডার

ববিনে সুতা ভরার জন্য যে অংশ থাকে তাকে ববিন ওয়াইন্ডার বলে। এটা মেশিনের ডান পাশে থাকে। ববিন ওয়াইন্ডারে খালি ববিন লাগিয়ে সুতা ভরা হয়।

থ্রেড স্ট্যান্ড

মেশিন বেডের এক পাশে সোজাভাবে দাঁড় করানো পাইপটিকে থ্রেড স্ট্যান্ড বলে।

হ্যান্ড হুইল

এই যন্ত্রাংশের সাহায্যে ভি-বেল্ট এবং মটর পুলির সংযোগ স্থাপন করে এবং নিডেল বারকে ওপর-নিচে ওঠানো করাতে সাহায্য করে।

ববিন ও ববিন কেস

এটি সেলাই সহযোগী উপকরণ। ববিনে সুতা জড়ানো থাকে। ববিনকে ববিন কেস ধারণ করে। ববিন ও ববিন কেস সম্মিলিতভাবে সেলাই করতে সাহায্য করে।

টেনশন পোস্ট এ্যাসেম্বলি

যে যন্ত্রাংশের সাহায্যে সেলাই মেশিনের নিডেলের সুতার টেনশন নিয়ন্ত্রণ করা হয় তাকে টেনশন পোস্ট এ্যাসেম্বলি বলে। প্রেশার ফিড অ্যাডজাস্টিং নাট অ্যান্ড বোল্ড : এই অংশের মাধ্যমে প্রেশার ফুটের চাপ বাড়ানো বা কমানো যায়।

ফিড ডগ

সেলাই করার সময় কাপড়কে সামনে বা পেছনে নেওয়ার জন্য দাঁতযুক্ত যে যন্ত্রাংশ নিডেল প্লেটের নিচে থাকে তাকে ফিড ডগ বলে।

স্টিচ রেগুলেটর

এটি মেশিনের সামনের দিকের ডান পাশে অর্থাৎ অপারেটরের দিকে থাকে। এরমাধ্যমে স্টিচের দৈর্ঘ্যকে ছোট বড় বা ঘনত্ব

কম বেশি করা হয়।

নিডেল প্লেট

নিডেল প্লেট নিডেলের নিচে বা থ্রেসার ফুটের নিচে থাকে। এটি দুই নাট যুক্ত একটি ঢাকনা। নিডেল প্লেট ফিড ডককে ঢেকে রাখে। সেলাই করার সময় নিডেল প্লেট কাপড়কে মসৃণভাবে সামনের দিকে নিতে সাহায্য করে।

স্লাইড প্লেট

নিডেল প্লেটের পাশে স্লাইড প্লেট থাকে। এটা সরিয়ে মেশিনে ববিন লাগানো হয়।

থ্রেড টেকআপ লিভার

থ্রেড টেকআপ লিভার সেলাই মেশিনের ছোট একটি অংশ। এটি মেশিনের ওপর অপারেটরের দিকে থাকে। সেলাইয়ের সময় সেলাইয়ের সুতাকে প্রয়োজন অনুযায়ী নিডেলে সরবরাহ করা এর কাজ।

প্যাডেল বা পাদানি

মেশিনে পা রাখার জায়গাকে বলে প্যাডেল বা পাদানি। প্যাডেলে দুই পা রেখে সামনে চাপ দিলে মেশিন চলবে অর্থাৎ সেলাই হতে থাকবে। পিছনে চাপ দিলে মেশিন বন্ধ হবে, একই সঙ্গে থ্রেড কেটে যাবে।

কেমন করে মাপ নিতে হয়



পরিমাপের ক্ষেত্রে

- সঠিকভাবে বগলের নিচ দিয়ে বুকের মাপ নিন
- বুকের সর্বোচ্চ অংশের ওপর দিয়ে শরীরের চতুর্দিকের মাপ নিন
- কোমরের সর্ব অংশের চতুর্দিকের মাপ নিন
- হিপের উঁচু অংশের ওপর দিয়ে সোজাসুজিভাবে শরীরের চতুর্দিকের ঘুরিয়ে মাপ নিন
- কোমর থেকে শুরু করে এক পাশ দিয়ে পোশাকটি যেখানে শেষ হবে সেখান পর্যন্ত মাপ নিন

উচ্চতার ক্ষেত্রে

- বগল ও বুকের সর্বোচ্চ অংশ এই দুয়ের মধ্যস্থলে সঠিকভাবে বুকের মাপ নিন
- কোমরের সবচেয়ে সরু অংশের মাপ নিন।
- হিপের সর্বোচ্চ অংশের মাপ নিন

বুক : বক্ষের উঁচু অংশের ওপর দিয়ে মাপ নিন, পিছনের দিকে টেপ সোজা রাখুন।

কোমর : কোমরের চারদিকে ঘুরিয়ে মাপ নিন

হিপ : হিপের চারদিকে ঘুরিয়ে মাপ নিন। টেপকে সহজভাবে ধরতে হবে।

উচ্চতা : টেপ মাটিতে ফেলে ওপরে তুলে ঘাড়ের পিছন থেকে কোমর ও নিচ পর্যন্ত মাপতে হবে।

সেলাই মেশিনের রক্ষণাবেক্ষণ

সেলাই মেশিনকে কার্যোপযোগী ও সচল রাখার জন্য যে ব্যবস্থা নেওয়া হয় তাকে সেলাই মেশিনের রক্ষণাবেক্ষণ বলে। মেশিন চলতে চলতে কোনো ত্রুটি দেখা দিলে সাথে সাথে সংশোধন করতে হয়। এ ছাড়া কোনো জ্বু টিলা হলে টাইট দিতে হবে।

টাইমিং ও অ্যাডজাস্টমেন্ট দরকার হলে অ্যাডজাস্টমেন্ট করতে হবে। মেশিনের যত্ন নেওয়ার প্রয়োজনীয় বিষয়গুলো হচ্ছে:

- মেশিন চালানোর সময় কোনো নড়াচড়া না করা।
- মেশিনের কাজ শেষে ঢেকে রাখতে হবে।
- মেশিনকে ভালো আবহাওয়া এবং ধুলাবালিমুক্ত অবস্থায় রাখতে হবে।
- মেশিনকে নিয়মিত রক্ষণাবেক্ষণ করতে হবে। যেমন তেল দেওয়া, পরিষ্কার করা, ক্ষুদ্র জ্বু গুলো টাইট দেওয়া ইত্যাদি।
- প্রতিদিন মেশিনকে কাজের আগে ও পরে পরিষ্কার করতে হবে।

নিম্নে সাধারণ সেলাই মেশিনের যত্ন নেওয়ার তালিকা প্রদান করা হলো:

১. মেশিন পরিষ্কার
২. নিডল চেক
৩. মেশিনে তেল দেওয়া
৪. ফিড ডগ/দাঁত পরিষ্কার
৫. এয়ার সেট/টেনশন পোস্ট
৬. ববিনের স্প্রিং পরিষ্কার
৭. স্যাটল পরিষ্কার
৮. নিডল প্লেট রো/লাইন পরিষ্কার
৯. ববিন উইন্ডার পরিষ্কার
১০. বেল্ট টেনশন অ্যাডজাস্ট
১১. প্রেশার ফুটের প্রেশার অ্যাডজাস্ট
১২. মেশিনের সামনের অংশ খুলে পরিষ্কার করা
১৩. ফিড ডগ পরিবর্তন
১৪. প্রেশার ফুড ফিড পরিবর্তন
১৫. মেশিন সার্ভিসিং

বৈদ্যুতিক মেশিনে সেলাই সতর্কতা

- সতর্কতার সাথে সকল প্রকার বৈদ্যুতিক সংযোগ প্রদান করতে হবে।
- মেশিনের সুইচ অন করার পর ৩০ সেকেন্ড অপেক্ষা করতে হবে।
- মেশিনে নিডেল লাগানোর সময় পাদানিতে পা রাখবেন না।

- মেশিনের সুইচ অফ করলেও অনেক সময় মেশিনের মোটরের ফ্রি হুইল ঘুরতে থাকে।
- নিডেল লাগানোর আগে ফ্রি হুইল সম্পূর্ণ স্থির অবস্থায় আছে কি না দেখে নিতে হবে।
- সুইচ অন করার সময় তর্জনীর সাহায্যে চাপ দিতে হবে। অফ করার সময় বুড়ো আঙ্গুলের সাহায্যে চাপ দিতে হবে।
- সুইচের পিছনে কখনো আঙুল দেয়া যাবে না। কারণ, সুইচের পিছনে বিদ্যুৎ সংযোগ থাকে।
- মেশিনের সুইচ অন করার পর নিডেল থেকে হাত দূরে রাখতে হবে।
- মেশিনের সুইচ অন করার পর থ্রেড টেক আপ লিভারে আঙুল রাখবেন না।
- মেশিনের হেড উপর-নিচ করার আগে অবশ্যই মেশিনের সুইচ অফ করে নিতে হবে।
- চালু অবস্থায় মেশিনের হ্যাণ্ড হুইল বা চাকা থেকে মাথা বা হাত দূরে রাখতে হবে।
- মেশিনে বেশি সময়ের জন্য কাজ না থাকলে মোটর বন্ধ রাখতে হবে।

লাভ-ক্ষতির হিসাব সম্পর্কিত ধারণা

লাভ :

ক্রয় মূল্যের চেয়ে বিক্রয় মূল্য বেশি হলে তাকে লাভ বলে।

যেমন রহিমা ০১ গজ কাপড় ক্রয় করে ৭০.০০ টাকায় এবং বিক্রি করে ৮০.০০ টাকায়। এক্ষেত্রে লাভ বা ক্ষতি কত হলো?

আমরা জানি বিক্রয় মূল্য-ক্রয় মূল্য = লাভ/ক্ষতি

$$৮০.০০ - ৭০.০০ = ১০.০০ \text{ লাভ}$$

ক্ষতির সংজ্ঞা

ক্রয় মূল্যের চেয়ে বিক্রয় মূল্য কম হলে তাকে ক্ষতি বলে।

যেমন ফাতেমা ০১ গজ কাপড় ক্রয় করে ৮০.০০ টাকায় কিন্তু বাজারে বিক্রি করে ৭০.০০ টাকায়। এক্ষেত্রে তার লাভ বা ক্ষতি কত?

আমরা জানি বিক্রয় মূল্য-ক্রয় মূল্য = লাভ/ক্ষতি

$$৭০.০০ - ৮০.০০ = -১০.০০ \text{ ক্ষতি}$$

সাধারণ কামিজ

কাপড় ৪ ভাজ

মাপ

লম্বা = ৩৬ ""

বুক = ৩২" (৮)

কাধ = ১২"

হাতা = ৫"

লম্বা = ৩৬ "" + সেলাই ২ "

মোট লম্বা ৩৮ " নিতে হবে।

চওড়া = কাধ চওড়া কাধের মাপের $\frac{1}{2}$ = ৬ "

গলা চওড়া ২ "

গলা লম্বা ৫ "

হাতা সেফ ৫" হতে ৬ " নিচে।

বুক লাইন = বুকের $\frac{8}{9}$ = ৮" + সেলাই ১" = ৯"

বুক লাইন ৯ " চওড়া।

কমড় চওড়া = লম্বা = ১৩ " (হাতার সেফের ২ গুন)

কমড় চওড়া = বুক লাইন হতে ১" কম = ৮"

ঘের রশি নিয়ে কাটতে হবে।

হাতা ৪ ভাঁজ:


লম্বা ৫" + ২" সেলাই = ৭"

চওড়া = হাতা সেপ ৬" + ১" সেলাই = ৭"

নিচ সেপ ৪"

মুরী সেপ ১" নিয়ে কাটতে হবে।

કામિલ



ছয়ছটা পেটিকোট


মাপ

লম্বা ৩৭"

কাপড় ২ ভাজ

প্রথমে কোমর বেল ৩" কাপড় লম্বা মাথা হতে কেটে নিতে হবে।

পরে ৪" ভাজ দিয়ে লম্বা হবে ৩৭"। কোমর ৫"/৬" (মোটােদের) আড়ে ভাজে নিয়ে কাটতে হবে। লম্বার ঘের মাপে ঘের সেপ করে কাটতে হবে।"



সাধারণ ব্লাউজ

মাপ

লম্বা = ১৩ "

বুক = ৩২ "

কাধ = ১২ "

হাতা = ৬ "

কাপড় ৪ ভাঁজ:

লম্বা = ১৩" + সেলাই ২" = ১৫ " লম্বা।

কাধ চওড়া = ৬" । গলা চওড়া আড়াই ইঞ্চি। হাতা লম্বা কাধ ৬" হতে ৬"


নিচে গলা লম্বা = ৫ "

বুক লাইন = বুকের ১/৪ = ৮" + সেলাই ২" = ১০"। কোমর লাইন ৯"। বুক হতে ১ কমা পিছন পার্টের কোমর টিকেন ৪" ভিতরে ৫" উপরে। সামনের পার্টের টিকেন কাধ মধ্য হতে ৯ " নিচে নিয়ে ১টি চিহ্ন দিয়ে ঐ চিহ্ন হতে ২ " দূরে ৪ দিকে ৪টি রেখা হবে।

হাতা ৪ ভাঁজ: লম্বা ৬" + ২" সেলাই = ৮ "

চওড়া ৮" নিতে হবে।

নিচে সেপ ৪" । মুরি সেপ ১" নিয়ে কাটতে হবে।



ম্যাট্রিক্স

মাপ

লম্বা = ৫৩ "

হাতা = ৫"

কাপড় ৪ ভাঁজ:

লম্বা = ৫৩" + সেলাই ২" = ৫৫ "লম্বা

কাটা পাশ হতে নিতে হবে


কাধ চওড়া = ৬"। গলা লম্বা ৬" হতে ৬" নিচে। হাতা সেফ ২।

হাতা লম্বা ৮ " কাধ হতে নিচে নিয়ে কাটতে হবে।

হাতা ৪ ভাঁজ :

লম্বা ৫" + ২" সেলাই = ৭ "

চওড়া হাতা ৮" + সেলাই ১" = ৯" । নিচে সেপ ৫ " মুরী সেফ ২" নিয়ে কাটতে হবে।



কুটি ফ্রক

মাপ:

লম্বা= ২০"

কাপড় ৪ ভাজ :

কাধ= ১০"

চওড়া--

বুক= ২০"

কাঁধ চওড়া= কাধের $\frac{২}{১}$ =৫ "

গলা চওড়া = ২ "


গলা লম্বা ৩ "। পিছন গলা ১ "। হাতা লম্বা কাধ ৫ হতে ৫ "নিচে।

বুক লাইন= বুকের $\frac{১}{৪}$ = ৫"+ সেলাই ২ "

কোমর লম্বা হাতা সেপের ২ গুন = ১০ "

মোট লম্বা= ২০"+ সেলাই ৩" = ২৩ "


বুল চওড়া বুক বা কমড় লাইনের ২ গুণ কাপড় নিতে হবে।



রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
 "দর্জিবিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ" বিষয়ক প্রশিক্ষণ
 উপস্থিতি তালিকা

অংশগ্রহণকারী: রিক হলদিয়া, মুন্সিগঞ্জ কর্মএলাকার নারী উদ্যোক্তাগণ
 ভেনু: রিক হলদিয়া শাখা অফিস
 তারিখ: ১৫/০৫/২০২৩ হইতে ২০/০৫/২০২৩ পর্যন্ত।

ক্র: নং	অংশগ্রহণকারীর নাম	পিতা/স্বামীর নাম	সদস্য কোড	সমিতি কোড	গ্রাম/থানা	জেলা	ফোন নম্বর	স্বাক্ষর						মন্তব্য
								মে-১৫	মে-১৬	মে-১৭	মে-১৮	মে-১৯	মে-২০	
০১	ফার্না	ফাহিমুল হক			উত্তর হালদিয়া	সুবিজ্ঞান	০১৬৬৭২০৭২৪							
০২	আমচুল্লাহা	নুরুল হক			৷	৷	০১৭৩৬৭১৩০							
০৩	নাসির বেগম	ফাহিমুল হোসেন		২৩	৷	৷	০১৭৩০০৭০৭৭৩							
০৪	রাসিয়া আক্তার	মো: হামিদ		২৩	৷	৷	০১৭৫১৪৬৬০২৭							
০৫	রাখি বারী মন্ডল	উত্তম মন্ডল			৷	৷	০১৭২৫২৩৩৭৭২							
০৬	আশি	বেজাউল কাবির			৷	৷	০১৭৬৬৭৭১৬৬৫							
০৭	সাকিনা	বুলবুল		২৩	৷	৷								
০৮	বুলবুল মন্ডল	জিহাদ মন্ডল			৷	৷								
০৯	ফাহিমিয়া	ফাহিম মিয়া			৷	৷	০১৭২২৬৬৬৬৬৬							
২০.	আশি	শুভ কবির মেহ			সি. হে. মন্ডল কলকাতা	৷								

স্বাক্ষর:
 সমন্বয়কারী: 
 Mili Begum
 Assistant General Manager-Training
 Resource Integration Centre (RIC)

রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)
 "দর্জিবিজ্ঞান ও পোশাক প্রস্তুতকরণ" বিষয়ক প্রশিক্ষণ
 উপস্থিতি তালিকা

অংশগ্রহণকারী: রিক হলদিয়া, মুন্সিগঞ্জ কর্মএলাকার নারী উদ্যোক্তাগণ
 ভেনু: রিক হলদিয়া শাখা অফিস
 তারিখ: ১৫/০৫/২০২৩ হইতে ২০/০৫/২০২৩ পর্যন্ত।

ক্র: নং	অংশগ্রহণকারীর নাম	পিতা/স্বামীর নাম	সদস্য কোড	সমিতি কোড	গ্রাম/থানা	জেলা	ফোন নম্বর	স্বাক্ষর						মন্তব্য
								মে-১৫	মে-১৬	মে-১৭	মে-১৮	মে-১৯	মে-২০	
০১	আশি	জাহাঙ্গীর		২৩	উত্তর হালদিয়া	সুবিজ্ঞান	০১৮১১৭৭৫১২							
০২	তাহমিনা	মো: জাহিদ		২৩	৷	৷	০১৬৩৭২৬৭১৩৭							
০৩	নাসির বেগম	মো: হামিদ		২৩	৷	৷	০১৭৭৭২৭৮৩৩০							
০৪	রুনা	মো: মিজবুর রহমান		১৩	৷	৷	০১৬১৫৫৫০১২২							
০৫	সুজি আক্তার	তানবীর হুদয়		২৩	৷	৷	০১৭১৫১২০৭২							
০৬	সাকিনা	জাহিদুল		২৩	৷	৷	০১৭৩০৪১৭৬৭৮							
০৭	গুমা আক্তার	সাদাত হোসেন		২৩	৷	৷	০১৬২৮৩৬২৬৭৮							
০৮	রাহিমা বেগম	জাহিদুল		২৩	৷	৷	০১৭২৭৬৫১১২৪							
০৯	রিয়া আক্তার	জাহিদুল		২৩	৷	৷	০১৩০৬৫৩৭১৩০							
১০	সাদাত	ইব্রাহিম		২৩	৷	৷	০১৮৩২৭৭৫৩৭							

স্বাক্ষর:
 সমন্বয়কারী: 
 Mili Begum
 Assistant General Manager-Training
 Resource Integration Centre (RIC)